

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৯৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ জুমু'আর সালাতে কিরা'আতের বিবরণ সম্পর্কে বর্ণনা

ذِكْرُ وَصنْفِ الْقِرَاءَةِ لِلْمَرْءِ فِي صَلَاةِ الْجُمْعَةِ

আরবী

2795 ـ أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ دَاوُدَ بْنِ وَرْدَانَ بِالْفُسْطَاطِ قَالَ: حَدَّثَنَا هَارُونُ بْنُ سَعِيدِ بْنِ الْهَيْثَمِ قَالَ: حَدَّثَنَا الْبُنُ وَهْبِ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ جَعْفَرِ بْنِ مُحَمَّدٍ عَنْ أَبِيهِ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي رَافِعِ قَالَ: قُلْتُ لِأَبِي هُرَيْرَةَ: إِنَّ عَلِيَّ بْنَ أَبِي طَالِبٍ رِضْوَانُ اللَّهِ عَلَيْهِ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي رَافِعِ قَالَ: قُلْتُ لِأَبِي هُرَيْرَةَ: إِنَّ عَلِيَّ بْنَ أَبِي طَالِبٍ رِضْوَانُ اللَّهِ عَلَيْهِ عَلَيْهِ إِذْ كَانَ بِالْعِرَاقِ يَقْرَأُ في صلاة الجمعة سورة الجمعة و {إِذَا جَاءَكَ الْمُنَافِقُونَ} إِذْ كَانَ بِالْعِرَاقِ يَقْرَأُ في صلاة الجمعة سورة الجمعة و {إِذَا جَاءَكَ الْمُنَافِقُونَ} [المنافقون: 1] فَقَالَ أَبُو هُرَيْرَةَ: كَذَلِكَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قرأ. الراوي : عُبَيْد اللَّهِ بْن أَبِي رَافِعِ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2795 ا خلاصة حكم المحدث: صحيح: م.

বাংলা

২৭৯৫. উবাইদুল্লাহ বিন আবী রাফে থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহুকে বললাম, "আলী বিন আবী তালিব ইরাকে অবস্থান করার সময়ে জুমু'আর সালাতে সূরা জুমু'আহ ও সূরা মুনাফিকূন পাঠ করতেন।"

তখন আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামও অনুরুপ করতেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৪২৯; সহীহ মুসলিম: ৮৭৭; আবূ দাউদ: ১১২৪; তিরমিযী: ৫১৯; ইবনু মাজাহ: ১১১৮; সহীহ ইবনু খুযাইমাহ: ১৮৪৩; বাগাবী: ১০৮৮।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৯৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উবায়দুল্লাহ ইবনে আবু রাফে (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন